

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালকের কার্যালয়

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট

মাতুয়াইল, ঢাকা-১৩৬২

নং-শিমাশ্বাই/প্রশাসন/নিয়োগ-২৮৯/২০২১/১৩১৮

তাং-১৮/০৫/২১

নিয়োগ বিজ্ঞপ্তি

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা-১৩৬২-এ নিম্নে উল্লেখিত পদসমূহ (প্রকল্পকালীন অনুমোদিত পদ) পূরণের লক্ষ্যে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#	পদের নাম	পদ সংখ্যা	০৬/০৬/২০২১ ইং তারিখের মধ্যে বয়স	জাতীয় বেতন স্কেল ২০১৫ ইং	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী রেজিস্ট্রার-শিশু	০১টি	১৮- ৩২ বৎসর	২২০০০-৫৩০৬০ গ্রেড-৯	(ক) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে এম.বি.বি.এস অথবা বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক অনুমোদিত সমমানের ডিগ্রী; (খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত স্থায়ী (পূর্ণ) রেজিস্ট্রেশন থাকতে হবে।
২.	সিনিয়র স্টাফ নার্স	০৮টি	১৮-৩০ বৎসর	১৬০০০-৩৮৬৪০ গ্রেড-১০	সরকার অনুমোদিত নার্সিং ইনস্টিটিউট হইতে নার্সিং ডিপ্লোমাসহ, বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।

শর্তাবলী :

১. দরখাস্ত আগামী ০৬/০৬/২০২১ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট মাতুয়াইল, ঢাকা-১৩৬২ এর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। অসমাপ্ত, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
২. বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে। ০৬/০৬/২০২১ইং তারিখে প্রার্থীর বয়স, মাস ও দিন উল্লেখ করতে হবে।
৩. প্রার্থীদের দরখাস্তে স্বাক্ষর ও খামের উপর প্রার্থিত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
৪. দরখাস্তের সাথে নিম্নলিখিত তথ্য ও কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ- (ক) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, জন্মস্থান, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্র। (ঘ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্রের কপি। (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি (ছ) অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। প্রয়োজনীয় সংযুক্ত সকল কাগজপত্র অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
৫. সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬. সহকারী রেজিস্ট্রার পদের জন্য আবেদনপত্রের সাথে ১০০০ (এক হাজার) টাকা মূল্যের এবং সিনিয়র স্টাফ নার্স পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার (অফেরৎযোগ্য), নির্বাহী পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা এর বরাবরে জমা দিতে হবে।
৭. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।
৮. প্রাপ্ত আবেদনপত্রসমূহ থেকে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
৯. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. প্রার্থীদের অবশ্যই পদের নাম ও বর্তমান ঠিকানসহ ১৫.০০ (পনের) টাকার অব্যবহৃত ডাক টিকেটসম্বলিত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১১. বিজ্ঞপ্তিতে প্রকাশিত নিয়োগযোগ্য পদের সংখ্যা প্রয়োজনীয় ক্ষেত্রে কম/বেশি হতে পারে।
১২. শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউটে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

অধ্যাপক ডাঃ এম. এ. মান্নান

নির্বাহী পরিচালক

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট।

মাতুয়াইল, ঢাকা-১৩৬২।

www.icmh.org.bd